দৈনিক সংবাদ

তারিখ 19 JAN 1994
পৃষ্ঠা ৮ কলাম ২

# ক্যাডেট কলেজে ভর্তি পরীক্ষা ২১শে জানুয়ারি ॥ অংশ নেবে ১৫ হাজার ছাত্রছাত্রী

ক্যাডেট কলেজসমূহের ভর্তি পরীক্ষা আগামী ২১শে জানুয়ারি যথাযথভাবে অনুষ্ঠিত হবে। এই বছর প্রায় পনের হাজার ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে। অন্য বছরের তুলনায় এই বছর পরীক্ষার্থীদের সংখ্যা অনেক বেশি। প্রতিবছরই এই সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এই বছর সবচেয়ে বেশি দরখাস্ত পড়েছে দেশের একমাত্র গার্লস ক্যাডেট কলেজে।

প্রত্যেক বছরের মত এই বছরও ভর্তি পরীক্ষা সকল ক্যাডেট কলেজ ও নির্বাচিত কেন্দ্রসমূহে সকাল নয়টায় আরম্ভ হবে এবং বিকেল চারটায় শেষ হবে। বিভিন্ন কলেজের জন্য ঢাকা সেনানিবাসের পরীক্ষা কেন্দ্রসমূহ যথাক্রমে ফৌজদারহাট, ঝিনাইদহ ও মির্জাপুর ক্যাডেট কলেজের জন্য শহীদ আনোয়ার গার্লস কলেজ; রাজশাহী, সিলেট ও রংপুর ক্যাডেট কলেজের জন্য মুসলিম মডার্ন একাডেমি; বরিশাল ও ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের জন্য আদমজী ক্যান্টনমেন্ট কলেজ; পাবনা ক্যাডেট কলেজের জন্য সেনা পল্লী হাই স্কুল ও কুমিল্লা ক্যাডেট কলেজের জন্য শহীদ রমিজ উদ্দিন হাই স্কুল।

লিখিত পরীক্ষার ফলাফল দেশের প্রধান প্রধান দৈনিক পত্রিকায় মার্চের প্রথম সপ্তাহে প্রকাশিত হবে। পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ডাক্তারী পরীক্ষার জন্য ডাকা হবে। খবর আইএসপিআর সংবাদ বিজ্ঞপ্তির।